গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- | তারিখ : ০৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোঃ রুকনুজ্জামান, উপজেলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

(আসিফ ইকবাল রাজিব)
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকৌশলী (অঃদাঃ)
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব.........................................................
.................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উপ্রঅ/নাগ/কুড়ি/২০২১/ | তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক কমিটি
ও
উপজেলা প্রকৌশলী
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

# যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি সভার কার্যবিবরনী
## উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভার তারিখঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ।

স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের অফিস রুম, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক) ঃ

অদ্য ০৮/০৯/২০২১ দুপুর ২ ঘটিকায় যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভার আলোচ্য সূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মক |
|---|---|---|---|---|
| ১. | সভা অংশগ্রহন প্রসংগে | অদ্যথেকে যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভায় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অংশগ্রহন নিশ্চিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | নিয়মিত সভা আহবানের সিদ্ধান্ত হয়। | সদস্য সচিব |
| ২. | এডিপি প্রকল্প তালিকা | সদস্য সচিব মহোদয় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহনের জন্য নির্দেশনা পাওয়া গেছে, বিধি অনুযায়ী প্রকল্পের তালিকা প্রেরণের সভায় আহবান জানানো হয়। তালিকায় অধিক জনবান্ধব কর্মসূচী সমুহকে অগ্রাধিকার প্রদানের পরামর্শ দেয়া হয়। | জনবান্ধব কর্মসূচী গ্রহনের পরামর্শ দেয়া হয়। | চেয়ারম্যান, ইউপি |
| ৩. | প্রশিক্ষণ প্রকল্প গ্রহন | সদস্য সচিব জানান নাগেশ্বরী উপজেলা পরিষদ স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধিন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পটিতে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রকল্প গ্রহনের সুযোগ রয়েছে। প্রকল্পটির আওতায় নিম্নের শিরোনামভূক্ত প্রকল্প সমুহ গ্রহনের জন্য তিনি সভায় আলোচনা করেন।<br>ক) পিপিআর ও ই-জিপির আলোকে স্থানীয় পর্যায়ে সঠিকভাবে প্রকল্প নির্বচন, প্রকল্প প্রনয়ন ও বাস্তবায়নে জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ।<br>খ) বেকার যুবদের মোটর সাইকেল মেরামত বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি বিষয়ক প্রশিক্ষণ।<br>সভায় উপস্থিত সকলে প্রকল্প সমুহে জনবান্ধব ও সরকারের এসডিজি বাস্তবায়নের জন্য সহায়ক হবে মনে করে মতামত দেন এবং প্রকল্প সমুহ গ্রহনের জন্য সুপারিশ করেন। | নাগেশ্বরী উপজেলা পরিষদের নিকট প্রশিক্ষণ প্রকল্প সমুহ প্রস্তবনা আকারে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌ |
| ৪. | সড়কবাতি/সোলার স্ট্রিট লাইট স্থাপন | প্রতিদিন সকাল থেকে গভীর রাত পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকা থেকে নারী, শিশু ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীসহ সাধারণ জনগণ যাতায়াত করে। উপজেলাটি সিমান্তবর্তী হওয়ায় মাদক সহ চোরাকারবারীদের প্রভাব লক্ষনীয়। রাস্তা সমুহে কোন সড়ক বাতি না থাকায় মানুষের চলাচলে বিঘ্ন ঘটে এবং প্রায়শ:ই মাদক ব্যবহার, চুরি ও ছিনতাইয়ের ঘটনা ঘটে থাকে। রাস্তার দুপাশে সড়ক বাতি (সোলার) স্থাপন করা গেলে রাত্রীকালে চলাচলে মানুষের জান ও মালের নিরাপত্তা নিশ্চিত হবে। সভায় উপস্থিত সকলে একমত পোশন করেন এবং উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় প্রকল্প গ্রহনের পরামর্শ প্রদান করা হয়। | নাগেশ্বরী উপজেলা পরিষদের নিকট প্রকল্প সমুহ প্রস্তবনা আকারে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্র |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন | স্থানীয় পর্যায়ে যেসমস্ত প্রকল্প গ্রহন করা হয়, সেগুলো যথাসময়ে শেষকরার করার জন্য গুরুত্বারোপ করা হয়। | পরিদর্শন বৃদ্ধির পরামর্শ প্রদান করা হয়। | প্রকল্প বাং কর্মকর্তা |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভা সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ রুকনুজ্জামান শিমু)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি
উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী (স্থানীয় সরকার) এর কর্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
ই-মেইল: ue.nageswari@lged.gov.bd

তারিখঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ৪৭৭ (০৬)

উপস্থিত সদস্য বৃন্দঃ

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী | স্বক্ষর |
|---|---|---|---|
| ১. | ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | চেয়ারম্যান, কচাকাটা ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন পরিষদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | মোঃ আসিফ ইকবাল রাজিব, উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সদস্য সচিব | স্বাক্ষরিত |

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলঃ

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম ।
২) উপজেলা নির্বাহী কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম ।
৩) অফিস কপি।

(মোঃ আসিফ ইকবাল রাজিব)
উপজেলা প্রকৌশলী (স্থানীয় সরকার)
ও
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি
নাগেশ্বরী, কুড়িগ্রাম।